

যুক্তরাষ্ট্রে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই ফোরাম ডুয়াফি'র নতুন কমিটি

নিজৰ
প্রতিবেদক

০৪ জানুয়ারি,
২০২৫ ১৪:০৯

শেয়ার

অ +

অ -



Vice President

Iraj Talukder



President

Ishrat Sultana Mita



General Secretary

Dorothy Bose



Joint Secretary

Tareque Mehdi



DUAFI
DHAKA UNIVERSITY
ALUMNI FORUM INC.



Treasurer

Mohammad Anwar
Zzaman

বিশিষ্ট অণুজীববিজ্ঞানী ড. ইসরাত সুলতানা মিতাকে সভাপতি এবং রবীন্দ্র সঙ্গীত শিল্পী ও ফ্যামিলি কাউন্সিলর ডরথী
বোসকে সাধারণ সম্পাদক করে যুক্তরাষ্ট্রে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই ফোরাম ইনকর্পোরেটেডের (ডুয়াফি)
নবনির্বাচিত পরিচালনা পরিষদ গঠন করা হয়েছে।

শনিবার (৪ জানুয়ারি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

যুক্তরাষ্ট্রের বৃহত্তর ওয়াশিংটন ডিসি এলাকা ভিত্তিক সংগঠন ডুয়াফি'র মূল লক্ষ্য সাবেক শিক্ষার্থীদের মধ্যে সংযোগ এবং সহযোগিতা বৃদ্ধি করা। ডুয়াফি'র দুই বছর মেয়াদি (২০২৫-২০২৬ সাল) কমিটির পাঁচ সদস্যের এই বোর্ডের অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি পদে ব্যাংকার ইরাজ তালুকদার, যুগ্ম সম্পাদক পদে ড. তারেক মেহেদী ও ট্রেজারার পদে বিশ্বব্যাংকের কর্মকর্তা মোহাম্মদ আনোয়ার জামান নির্বাচিত হয়েছেন।

ডুয়াফির নবনির্বাচিত প্রেসিডেন্ট ড. ইসরাত সুলতানা মিতা তার পূর্ববর্তী কমিটিগুলোর সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখার পাশাপাশি সংগঠনকে আরও গতিশীল করা এবং নতুন ও পুরাতন সদস্যদের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষামূলক ও মানবিক কাজে নিয়োজিত করার প্রতিশ্রূতি ব্যক্ত করেছেন। তিনি বলেন, ডুয়াফির মাধ্যমে কিছু গুরুত্বপূর্ণ কাজ করার চেষ্টা করা হবে। এর মধ্যে রয়েছে ডুয়াফির নেতৃত্বে আগামী প্রজন্মের গুণাবলী বিকাশ এবং তাদের বাংলাদেশের সংস্কৃতির সঙ্গে সংযুক্ত রাখা, বিভিন্ন সামাজিক সংগঠনের মাধ্যমে বাংলাদেশের নিম্নবিত্ত জনগোষ্ঠীকে সহায়তা করা এবং গরিব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা বৃত্তি প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে।

ড. ইসরাত সুলতানা জানান, আমেরিকার বিভিন্ন রাজ্যে অবস্থিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগঠনগুলোর সাথে সংযোগ স্থাপন করে বড় পরিসরে কয়েক বছর অন্তর অন্তর পুনর্মিলনীর আয়োজন করা এবং আমেরিকাতে বসবাসরত

কর্মক্ষেত্রে সফল অ্যালামনাইদের সংগঠিত করে কার্যকরি ও গঠনমূলক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা যায় কিনা এ
ব্যাপারেও তাঁদের চিন্তাভাবনা আছে।

নতুন কমিটির সদস্যরা তাঁদের ওপর অর্পিত দায়িত্ব সবার সহযোগিতায় যথাযথভাবে পালন করবেন বলেও প্রতিশ্রূতি
দেন।